

ক্যাম্পেলটাউন সিটি কাউন্সিল নির্বাচনে কাউন্সিলর পদপ্রার্থী আবুল সরকারের আনুষ্ঠানিক প্রচারিভাষ্যান ও ফাস্ট রেইজিং ডিনার সম্পন্ন

আতিকুর রহমান ॥ দেশের নির্বাচনের সময় দেয়াল লিখন, তোড়ন, ফেছুন, পোষ্টার-ব্যানার, বাদ্যঢোল, শোগানে তৈরী হয় এক আনন্দময় নির্বাচনী পরিবেশ। উন্নত বিশ্বে এ ধরনে নির্বাচনী আমেজ না দেখা গেলেও ক্যাম্পেলটাউন সিটি কাউন্সিলে স্বতন্ত্র পদপ্রার্থী আবুল সরকারের ফাস্ট রেইজিং ডিনার অনুষ্ঠানে দেশের সে আনন্দময় ধারা ঠিকই পরিলক্ষিত হয়েছে। অন্ত্রিলিয়ার নতুন প্রজন্মের নিকট আশা ও উৎসাহের নতুন ধারা সৃষ্টি হয়েছে। আগামীতে এ প্রজন্মারাই কাউন্সিল পা পেরিয়ে রাজ্য ও কেন্দ্রে নিজেদের আসন গড়ে তুলবে নিঃসন্দেহে। ২০১২ সালের আগামী ৮ সেপ্টেম্বর ক্যাম্পেলটাউন সিটি কাউন্সিল নির্বাচন অনুষ্ঠিত হবে। এ নির্বাচনে কাউন্সিলর পদে প্রথম বাংলাদেশী স্বতন্ত্র পদপ্রার্থী হয়েছে জনাব আবুল সরকার। গত ৮ জুলাই মিন্টুস্থ সিডনীর ইকরা গ্রামার কলেজ হলে আবুল সরকারের ফাস্ট রেইজিং এবং আনুষ্ঠানিক প্রচারাভিযান অনুষ্ঠান সম্পন্ন হয়। পোষ্টার-ফেছুন আর নবীন-প্রবীন নারী-পুরুষের শোগানে মুখরিত হয়েছিল সমগ্র হলরূপে। ফাস্ট রেইজিং অনুষ্ঠানে আবুল সরকারের নির্বাচন পরিচালনা কমিটির কো-অর্ডিনেটর মোতাহার হোসেন শুভেচ্ছা বক্তব্যের মাধ্যমে আনুষ্ঠানিক নির্বাচনী প্রচারিভাষ্যান যাত্রা শুরু হয়। জনাব মোতাহার হোসেন এ নির্বাচনে কমিউনিটির সর্বাত্মক সাহায্য ও সহযোগিতার জন্য আবুল সরকারকে সর্বসম্মতিক্রমে মনোয়ন দেয়া হয় এবং আগামীতে ভোট দেয়ার জন্য সকলের কাছে আবেদন করেন। অনুষ্ঠানের সঞ্চালকের দায়িত্ব পালন করেন অন্ত্রিলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সাধারণ সম্পাদক ড. আনিচুল আফছার। ড. আফছার ক্যাম্পেলটাউন সিটিতে ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির হার, কাউন্সিলে বাংলাদেশীসহ এশিয়া মহাদেশের জনসংখ্যার বৃদ্ধির হার, কাউন্সিলে কমিউনিটির প্রয়োজনীয়তা সহ সর্বোপরি কাউন্সিলর নির্বাচনে নিজস্ব প্রার্থীর অংশগ্রহনের প্রয়োজনীয়তা প্রজেক্টের মাধ্যমে তুলে ধরেন। প্রচারিভাষ্যান ডিনার অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন Deputy Principal of Iqra Grammar College Mr. Ayazz Kharadi, Manager of Community Advisory Committee Mr.

Jaspal Singh, Islamic Scholar and Former Imam of Minto masjid Br. Sheikh Redwan and Arabic Community Leader Br. Dalati. অনুষ্ঠানে মূল আকর্ষণ স্বতন্ত্র পদপ্রার্থী আবুল সরকার নির্বাচনে অংশগ্রহনের প্রয়োজনীয়তা দীর্ঘ বক্তব্যের মাধ্যমে ব্যাখ্যা করেন। আবুল সরকার বক্তব্যে বলেন, কমিউনিটির ও প্রয়োজনীয় উন্নয়ন প্রকল্পগুলি বাস্তবায়নে পূর্ণ সহায়তার জন্য নির্বাচনে পদপ্রার্থী হয়েছি এবং সবসময় কাজ করে যাবেন। আর্থ-সামাজিক উন্নয়ন, পার্কিং এর সুব্যবস্থা, আইন-শৃঙ্খলা উন্নয়নে পুলিশসহ আইন-সংস্থা বাহিনীকে সহায়তা প্রদান, কমিউনিটির বিভিন্ন সদস্যদেরকে বিভিন্ন সুযোগ-সুবিধাসহ কর্মের সন্ধান, মাল্টিকালচারাল ফেষ্টিভ্যালে ব্যবস্থার জন্য সর্বাত্মক সহায়তার দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। আগামীতে ভোট দিয়ে জয়যুক্ত করার জন্য সকলের প্রতি উদ্দান আহ্বান জানান। আবুল সরকারের বক্তব্যের সময় নবীন ও প্রবীনের মুহূর মুহূর বিপুল করতালির প্রদান করেন এবং কিছুক্ষনের জন্য হলেও কানায় কানায় পরিপূর্ণ হলের শ্রোতাদের দেশের নির্বাচনী আমেজ দিতে সক্ষম হয়েছিল। "আমরা করবো জয়" এর প্রত্যাশা নিয়ে আবুল সরকার সকলকে ডিনার পর্বে অংশগ্রহনের আহ্বান করেন। ডিনারে দেশের সুস্থাধু খাবার পরিবেশন করা হয়। কানায় কানায় পূর্ণ হলে বাংলাদেশীসহ ভিন্ন কমিউনিটির সদস্যরাও অংশগ্রহন করেন। সফল ফান্ড রেইজিং ডিনার ও আনুষ্ঠানিক প্রচারাভিযান যাত্রার পর থেকেই আবুল সরকার বিভিন্ন কমিউনিটির নেতৃবৃন্দ ও সদস্যদের সাথে মতবিনিময় শুরু করেছেন।





